গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার অংশ হিসেবে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্য অংশীজনের (stakeholders) অংশগ্রহণে চলতি অর্থবছরে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার<br>সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| তারিখ | : | ১৫ মার্চ, ২০২৩ |
| সময় | : | বেলা ১১:০০ মিনিট |
| স্থান/মাধ্যম | : | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম। |
| উপস্থিত সদস্য | : | রেকর্ডেড। |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি বলেন শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে স্টেকহোল্ডারগণ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকেন। বিশেষ করে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন প্রতিষ্ঠানগুলো দক্ষভাবে পরিচালনার ক্ষেত্রে স্টেকহোল্ডারগণ তাদের মূল্যবান পরামর্শ দিয়ে ভূমিকা রাখতে পারেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে আহবান করেন।

০২। উপসচিব (প্রশাসন-৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার পটভূমি উপস্থাপন করেন। তিনি বলেন, ২০১২ সালে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা শুরু হয়। তারই ধারাবাহিকতায় প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/কোম্পানি তা বাস্তবায়ন করে আসছে। তিনি আরও জানান ইতোমধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী পরিকল্পনা'কে এপিএ-এর অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার অংশ হিসেবে এই অংশীজনের সভা আয়োজন করা হয়েছে।

০৩। উপসচিব (প্রশাসন-৩) ইতোপূর্বে অনুষ্ঠিত শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ২০২২-২৩ অর্থবছরের ১ম সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। তিনি বলেন গত সভায় নিম্নবর্নিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহে গণশুনানী কার্যক্রম চলমান রাখতে হবে। গণশুনানীর নোটিশ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কোম্পানির নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি। |
| ২। | প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহকে নিয়মিতভাবে অংশীজনের সভা অনুষ্ঠান করতে হবে এবং অংশীজনের বক্তব্য/সাজেশন শুনে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি। |
| ৩। | উত্তরবঙ্গ ও সিলেট অঞ্চলে তেলের সরবরাহ চাহিদার সাথে সামঞ্জস্য রাখার স্বার্থে বাংলাদেশ রেলওয়ের সাথে যোগাযোগ করে ওয়াগনের পরিমাণ বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিপিসি/পদ্মা/মেঘনা/যমুনা অয়েল কোম্পানি লিমিটেড। |
| ৪। | অবৈধ গ্যাস সংযোগ বন্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পেট্রোবাংলা/আওতাধীন গ্যাস বিতরণ কোম্পানি। |
| ৫। | বকেয়া গ্যাস বিল আদায়ে গৃহীত কার্যক্রম জোরদার করতে হবে। | পেট্রোবাংলা/আওতাধীন গ্যাস বিতরণ কোম্পানি। |
| ৬। | অংশীজনের নিকট থেকে প্রাপ্ত তেল/গ্যাস সংক্রান্ত যে কোন অভিযোগ দ্রুততার সাথে সমাধান করতে হবে। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি। |

অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে জানতে চান। উপসচিব (প্রশাসন-৩) অবহিত করেন অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন উত্তরবঙ্গ ও সিলেট অঞ্চলে তেলের সরবরাহ চাহিদার সাথে সামঞ্জস্য রাখার স্বার্থে বাংলাদেশ রেলওয়ের সাথে যোগাযোগ করে ওয়াগনের পরিমাণ বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্তটি খুবই কার্যকর সিদ্ধান্ত। এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি দপ্তর/সংস্থা/কোম্পানির নিকট জানতে চান।

০৪। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন এ বিভাগের আওতাধীন ৮টি সংস্থা এবং ২০টি কোম্পানির দুর্নীতি, অনিয়ম প্রতিরোধের জন্য এ সভার আয়োজন করা হয়েছে। এ বিভাগের অংশীজন মূলত আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ। এ বিভাগ সংশ্লিষ্ট সেবাসমূহ মূলত এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির মাধ্যমে দেয়া হয় বিধায় সংশ্লিষ্ট ৮টি সংস্থা ও আওতাধীন কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ, পরিচালনা পর্ষদের পরিচালক ও সুধীজনকে আজকের এ সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। স্ব-স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির পক্ষে দপ্তর/সংস্থা/কোম্পানির প্রধান ও ফোকাল পয়েন্টগণ তাদের অভিমত ব্যক্ত করেন।

০৫। যুগ্মসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন, সম্প্রতি তিনি পেট্রোবাংলা কর্তৃক আয়োজিত অংশীজনের অংশগ্রহনে অনুষ্ঠিত সভায় যোগদান করেছেন। সভাটি যথাযথ প্রক্রিয়ায় অনুষ্ঠিত হয়েছে এবং সেটি যথেষ্ট অংশগ্রহনমূলক ছিলো। তিনি সভাকে আরো অবহিত করেন সম্প্রতি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপদ অধিদপ্তর পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে অংশীজনের সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করেছে। তিনি বলেন আমার মনে হয় এ বিভাগ একই প্রক্রিয়ায় অংশীজনের সভা আয়োজন করতে পারে। তিনি আরও বলেন এ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির অনেক অফিস ঢাকার বাহিরে রয়েছে। আমরা চাইলে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভাটি ঢাকার বাইরেও করতে পারি।

০৬। পেট্রোবাংলা'র শুদ্ধাচার ফোকাল পয়েন্ট এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কো: লি: এর ব্যবস্থাপনা পরিচালক বলেন আমরা যথাযথ প্রক্রিয়ায় অংশীজনের সভা আয়োজন করেছি। আমাদের অনুষ্ঠিত সভায় মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ আওতাধীন কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ, পরিচালনা পর্ষদের পরিচালক ও সুধীজন উপস্থিত ছিলেন। সাধারণ মানুষসহ ভোক্তা ও সেবা গ্রহীতাদের সরাসরি perception নিয়ে এ সভাটি আয়োজন করা হলে হয়ত আমাদের সেবা প্রদানের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা থাকলে তা দূর করা সম্ভব হবে এবং আমাদের সেবা সংক্রান্ত বিষয়ে জনগণকে আরও অবহিত করা সম্ভব হবে।

০৭। সুন্দরবন গ্যাস ফিল্ডস লি: এর ব্যবস্থাপনা পরিচালক বলেন আমার মনে হয় অংশীজনের সভা করার ক্ষেত্রে ভার্চুয়ালি করার চেয়ে সশরীরে উপস্থিত হয়ে করা গেলে তা আরও কার্যকর হবে। সশরীরে উপস্থিত হয়ে অংশীজনের সভা করা হলে উপস্থিত অংশীজনের নিকট থেকে সরাসরি প্রতিক্রিয়া পাওয়া যায় এবং তাৎক্ষনিক সমাধান দেয়া যায়। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন আমরা পরবর্তী আংশীজনের সভা দক্ষিনবঙ্গে আয়োজন করতে পারি। ঐ এলাকার শিল্প গ্রাহক থেকে শুরু করে পরিচালনা বোর্ডের সদস্যবৃন্দ, কোম্পানির কর্মকর্তা/কর্মচারী এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত থাকতে পারে।

০৮। উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চ:দা:) বলেন সম্প্রতি আমরা একটি অংশীজনের সভা আয়োজন করেছি। সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর একজন অধ্যাপক এবং বিপুল সংখ্যক সাংবাদিক ও সেবা গ্রহীতা উপস্থিত ছিলেন। তাছাড়া, বিশেষজ্ঞ হিসেবে সেভরনের একজন কর্মকর্তা উপস্থিত ছিলেন। এ অংশীজনের সভাটি যথেষ্ট ফলপ্রসূ হয়েছে। সম্প্রতি ঢাকাসহ সারাদেশে বেশকয়েকটি দূর্ঘটনা ঘটেছে। ঐ সকল দূর্ঘটনায় পুলিশ সদর দপ্তর হতে বিস্ফোরক পরিদপ্তরের এক্সপার্ট হিসেবে তাকে কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। তদন্ত প্রতিবেদনে তার মতামত অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন বিস্ফোরণ জনিত যে কোন দুর্ঘটনায় বিস্ফোরক পরিদপ্তরের প্রতিনিধি আবশ্যিকভাবে সশরীরে উপস্থিত থেকে তদন্ত রিপোর্ট এ বিভাগে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা যায়। উপসচিব (প্রশাসন-৩) বলেন একই সাথে বিস্ফোরক জাতীয় দ্রব্যাদি মজুদ, সংরক্ষণ এবং পরিবহণের ক্ষেত্রে বিস্ফোরক পরিদপ্তরের মনিটরিং বাড়ানোর বিষয়েও নির্দেশনা প্রদান করা যেতে পারে।

০৯। বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শংকর মজুমদার বলেন বিজিডিসিএল-এ নিয়মিত অংশীজনের অংশগ্রহণে সভা করা হচ্ছে। গণশুনানীতে প্রাপ্ত অভিযোগ লিপিবদ্ধ করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি কুমিল্লায় বিশাল পরিসরে একটি অংশীজনের সভা আয়োজনের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন এলাকাভিত্তিক অফিসগুলিতে গণশুনানী অব্যাহত রাখতে হবে। বকেয়া বিল আদায় জোরদার করতে হবে। অবৈধ গ্যাস সংযোগ বন্ধ করতে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। কোথাও অবৈধ সংযোগের খবর পাওয়া গেলে এ বিভাগের যে কোন কর্মকর্তাকে অবহিত করতে হবে।

১০। উপসচিব (প্রশাসন-৩) অত:পর তেল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকদের নিকট থেকে সমস্যা/প্রতিবন্ধকতা শুনতে চান। তিনি বলেন তেল পরিবহন নিয়ে বিভিন্ন সময় বিভিন্ন অভিযোগ শোনা যায়। পদ্মা অয়েল কো: লি: এবং মেঘনা পেট্রোলিয়াম লি: এর কোন কর্মকর্তা মিটিং-এ সংযুক্ত না থাকায় বিপিসি'র সচিব সভাকে অবহিত করেন গত সভায় উত্তরবঙ্গ ও সিলেট অঞ্চলে তেলের সরবরাহ চাহিদার সাথে সামঞ্জস্য রাখার স্বার্থে বাংলাদেশ রেলওয়ের সাথে যোগাযোগ করে ওয়াগনের পরিমাণ বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর পরিচালক (বিপনন) এর স্বাক্ষরে ইতোমধ্যে একটি পত্র বাংলাদেশ রেলওয়ে বরাবর প্রেরণ করা হয়েছে। বর্তমানে ২৪ ঘন্টার মধ্যেই উত্তরবঙ্গ ও সিলেট এলাকায় তেল সরবরাহ করা সম্ভব হচ্ছে। যমুনা অয়েল কো: লি: এর ব্যবস্থাপনা পরিচালক বলেন গত ফেব্রুয়ারি মাসে পদ্মা, মেঘনা ও যমুনা অয়েল কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকগণ বাংলাদেশ রেলওয়ের উত্তরাঞ্চলের ম্যানেজারের সাথে মিটিং করেছি। যার পরিপ্রেক্ষিতে ঐ এলাকায় তেল পরিবহনে ওয়াগনের সেবা আগের তুলনায় অনেক উন্নতি হয়েছে। তাছাড়া, আমরা প্রতিদিনই ওয়াগণের অবস্থান এবং তেল সরবরাহের বিষয়ে বিপিসিকে রিপোর্ট প্রদান করে থাকি।

১১। যুগ্ম-সচিব (প্রশাসন-২) সভাকে সেবা গ্রহীতা হিসেবে স্বীয় একটা অভিযোগ তুলে ধরেন। বিপিসি নির্ধারিত সময়ে কোন তথ্য প্রদান করে না। মন্ত্রণালয় হতে বার বার তাগিদ দেয়ার পরও বিপিসি নির্ধারিত সময়ে কোন তথ্য প্রদান করে না। এপিএ-এর জন্য সকল দপ্তর/সংস্থার কাছে গত ১২/০৩/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে একটা তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়েছিল। সকল দপ্তর/সংস্থার কাছ থেকে এ সংক্রান্ত তথ্য পাওয়া গেলেও বিপিসি এখন পর্যন্ত কোন তথ্য প্রেরণ করেনি। অতিরিক্ত সচিব (প্রশাসন) বিপিসি'কে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১২। সচিব সভায় সংযুক্ত সবার উদ্দেশ্যে বলেন এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পনিকে নিয়মিতভাবে অংশীজনের সভা অনুষ্ঠান করতে হবে এবং অংশীজনের বক্তব্য/সাজেশন শুনে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। অবৈধ সংযোগ বিষয়ে কোন তথ্য থাকলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মকর্তাদের জানানোর জন্য অংশীজনদের অনুরোধ করেন। তাছাড়া, সভায় গৃহীত সাজেশন, সুপারিশ, সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

১৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহে গণশুনানী গ্রহণ কার্যক্রম চলমান রাখতে হবে। গণশুনানীর নোটিশ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও কোম্পানির নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ |
| ২। | সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের NIS, RTI, GRS, Citizen Cherter কর্ম-পরিকল্পনায় যেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে তা নির্ধারিত সময়ে অর্জনের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত সকলকে সচেষ্ট থাকতে হবে। | এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ |
| ৩। | অবৈধ গ্যাস সংযোগ বন্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | গ্যাস বিপনন কোম্পানীসমূহ |
| ৪। | নাগরিক সেবা বৃদ্ধি ও সহজতর করার লক্ষ্যে অংশীজনের সভায় প্রাপ্ত সাজেশন/সুপারিশ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ |
| ৫। | বিস্ফোরক জাতীয় দ্রব্যাদি মজুদ, সংরক্ষণ এবং পরিবহণের ক্ষেত্রে বিস্ফোরক পরিদপ্তরের মনিটরিং বাড়াতে হবে। | বিস্ফোরক পরিদপ্তর |
| ৬। | বিস্ফোরক জনিত যে কোন দুর্ঘটনায় বিস্ফোরক পরিদপ্তরের প্রতিনিধি আবশ্যিকভাবে সশরীরে উপস্থিত থেকে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবে। | বিস্ফোরক পরিদপ্তর |

১৪। পরিশেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৩/২০২৬

(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.০৫.০১৮.২২- ৮৪

তারিখ: ১৬ চৈত্র, ১৪২৯
৩০ মার্চ, ২০২৩

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৩০/০৩/২০২৩
(এ কে এম মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ২২৩৩৮৯০৫৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)।
০২) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
০৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন।
০৪) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
০৫) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
০৬) অতিরিক্ত সচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৭) যুগ্ম-সচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৮) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
০৯) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
১০) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর।
১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১২) সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলিটরী কমিশন, কাওরান বাজার, ঢাকা।
১৩) উপসচিব (প্রশাসন-১/বাজেট) অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ।
১৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
১৬) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড।
১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।
১৮) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
১৯) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
২০) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
২১) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
২২) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।
২৩) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।
২৪) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড।
২৫) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।
২৬) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড।
২৭) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড।

২৮) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
২৯) ম্যানেজিং ডাইরেক্টর, ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড।
৩০) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, এলপি গ্যাস লিমিটেড।
৩১) জনাব মো: গোলাম মোস্তফা, পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৩২) উইলিয়াম প্রলয় সমদ্দার, পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড।
৩৩) জনাব সজিব আহমেদ, সিনিয়র রিপোর্টার, কালের কন্ঠ।
৩৪) জনাব রেজাউল করিম বাইরন, সিনিয়র রিপোর্টার, ডেইলী স্টার।
৩৫) জনাব ফয়েজ আহমেদ খান তুষার, স্টাফ রিপোর্টার, দৈনিক সংবাদ।
৩৬) জনাব মাহফুজ মিশু, বিশেষ প্রতিনিধি, যমুনা টিভি।
৩৭) জনাব দেবাশীষ রায়, স্টাফ রিপোর্টার, সময় টিভি।
৩৮) প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩৯) জনাব প্রণয় কুমার মন্ডল, যাত্রাবাড়ী ঢাকা।
৪০) জনাব মোঃ আফসার উদ্দিন, রামপুরা, ঢাকা।
৪১) অফিস কপি।